MTA 42278
Weekly Bangalee
1/2 pg - 7.5x10

# গণ শুনানি

**Metropolitan Transportation Authority** ("MTA"), তার এবং তার অধীনস্থ সংস্থাগুলির পক্ষ থেকে, **সেকেন্ড এভেনিউ সাবওয়ে প্রকল্প** ("প্রকল্প")-এর পর্যায় 2, চুক্তি 2-এর জন্য Manhattan-এর বরোর সম্পত্তিতে স্থায়ী ও সাময়িক সম্পত্তির প্রস্তাবিত অধিগ্রহণের বিষয়ে কার্যনির্বাহী আদেশ 202.94 এবং **New York স্টেট বিশিষ্ট কার্যক্ষেত্র প্রক্রিয়া আইন (Eminent Domain Procedure Law)** ("EDPL")-এর **অনুচ্ছেদ 2** অনুসারে একটি **ভার্চুয়াল** গণ শুনানির আয়োজন করবে। শুনানিতে প্রকল্পের গণ ব্যবহার, সুবিধা, উদ্দেশ্য ও অবস্থান, প্রকল্পের ফলে পরিবেশ ও এলাকার বাসিন্দাদের উপর যে প্রভাব পড়তে পারে তা পর্যালোচনা করা হবে এবং জনগণকে প্রকল্প ও প্রস্তাবিত সম্পত্তি অধিগ্রহণ সম্পর্কে মন্তব্য করার সুযোগ দেওয়া হবে।

**প্রকল্পের বিবরণ**

সেকেন্ড এভেনিউ সাবওয়ে সম্পূর্ণ হলে 16টি নতুন স্টেশন-সহ একটি সাবওয়ে লাইন প্রদান করবে যা বিস্তৃত হবে 125th স্ট্রিট এবং Lexington এভেনিউ থেকে Hanover স্কোয়ার পর্যন্ত, MTA New York সিটি ট্রান্সিট পরিষেবাকে 125th স্ট্রিটে মেট্রো-নর্থ রেলরোডের সঙ্গে যুক্ত করবে এবং বাসের সংযোগ প্রদান করবে। প্রকল্পের নির্মাণ ও পরিচালনার জন্য প্রকল্পের পথ বরাবর সরকারি ও ব্যক্তিগত রিয়েল এস্টেট সম্পত্তির অধিগ্রহণ করা জরুরি।

প্রকল্পের পর্যায় 1 ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। বর্তমানে, লাইনটি সেকেন্ড এভেনিউ বরাবর E. 96th স্ট্রিট থেকে E. 63rd স্ট্রিট পর্যন্ত বিস্তৃত, যেখানে এটি বিদ্যমান ব্রডওয়ে লাইনের সঙ্গে যুক্ত হয়। পর্যায় 2-এ প্রকল্পটি লাইনকে উত্তর দিকে E. 125th স্ট্রিট পর্যন্ত বিস্তৃত করে E. 125th স্ট্রিট বরাবর পশ্চিম দিকে Lexington এভেনিউ-এর অভিমুখে ঘুরবে। চুক্তি 2-এর অন্তর্ভুক্ত সুরঙ্গ খনন যন্ত্র(গুলি)-এর জন্য লঞ্চ বক্স নির্মাণ, সেকেন্ড এভেনিউ-এ 120th স্ট্রিট থেকে উত্তরদিকে খনন করা টানেল এবং 125th স্ট্রিট স্টেশন ও ভবিষ্যতের প্রবেশপথ ও আনুষঙ্গিক সুবিধার জন্য সুরঙ্গ ও গর্ত খনন। এই গণ শুনানিতে অন্তর্ভুক্ত কেবল চুক্তি 2-এর জন্য প্রয়োজনীয় সম্পত্তির অধিকার।

**ভার্চুয়াল শুনানির তারিখ, সময় ও স্থান**
**মঙ্গলবার, 30 মার্চ, 2021**

শুনানি শুরু হবে 6: 00 p.m.-এ। বক্তব্য পেশ করার জন্য অগ্রিম নিবন্ধন করা যেতে পারে **new.mta.info/2021EDPL-SASP2-hearing –**এ গিয়ে, যা শুনানির তারিখ পর্যন্ত সক্রিয় থাকবে। নিবন্ধন বন্ধ হবে 6: 30 p.m.-এ। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে এই গণ শুনানি কার্যনির্বাহী আদেশ 202.94-এর অধীনে **ভার্চুয়াল** ফরম্যাটে পরিচালিত হচ্ছে। জনসাধারণ এই শুনানিতে যুক্ত হতে পারেন **https://mta.zoom.us/j/82605599788**-এ গিয়ে বা 877-853-5247 নম্বরে কল করে (মিটিং ID 82605599788)। MTA ওয়েবসাইটেও একটি লিঙ্ক প্রদান করা হবে।

---

**আরও তথ্যের জন্য, বক্তব্য পেশের জন্য প্রাক-নিবন্ধন করতে বা মন্তব্য জমা দিত**

যারা ভার্চুয়াল গণ শুনানিতে বক্তব্য পেশ করতে চান, তাদের অবশ্যই এই ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে, **new.mta.info/2021EDPL-SASP2-hearing** । মৌখিক উপস্থাপনার জন্য তিন (3) মিনিট পর্যন্ত সময় দেওয়া হবে। আপনি প্রস্তাবিত প্রকল্প সম্পর্কে মৌখিক বিবৃতি দিতে পারেন অথবা মৌখিক বিবৃতির পরিবর্তে বা সেটির পরিপূরক হিসাবে লিখিত বিবৃতি জমা দিতে পারেন। লিখিত মন্তব্য অনলাইনে এখানে গ্রহণ করা হবে **new.mta.info/2021EDPL-SASP2-hearing**। মন্তব্য পোস্টাল মেলের মাধ্যমে এই ঠিকানাতেও জমা দেওয়া যেতে পারে: MTA Government & Community Relations, Re: EDPL Second Avenue Subway, 2 Broadway, **D17.140**, New York, NY 10004

**সমস্ত লিখিত ও অনলাইন মন্তব্য অবশ্যই 13 এপ্রিল, 2021 তারিখে 5: 30 p.m.-এর মধ্যে পৌঁছাতে হবে।** এই তারিখ এবং সময়ের পরে আসা মন্তব্যগুলি বিবেচনা করা হবে না।

**ভার্চুয়াল শুনানি বা প্রকল্প সম্পর্কে জিজ্ঞাস্য থাকলে, যোগাযোগ করুন:** Joseph O'Donnell, MTA Construction & Development, 2 Broadway, D8135, New York, N.Y.10004 দূরভাষ: (646) 252- 2959 বা **new.mta.info/2021EDPL-SASP2-hearing**।

**যে কোনও সম্পত্তি মালিক বা অন্য স্বার্থসমন্বিত পক্ষের যারা প্রস্তাবিত সম্পত্তি অধিগ্রহণকে বিচারবিভাগীয় পর্যালোচনার মাধ্যমে চ্যালেঞ্জ জানাতে চান তারা কেবল EDPL গণ শুনানিতে উত্থাপিত বিষয়, তথ্য এবং আপত্তিগুলির ভিত্তিতে তা করতে পারেন।**

---

**অবস্থা ও সম্পত্তি মালিকানার প্রকার যা অধিগৃহীত হতে পার**

| *ব্লক* | *জমির খণ্ড(সমূহ)* | *মালিকানার প্রকার* | *সম্পত্তির ঠিকানা* |
|---|---|---|---|
| 1909 | 44 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 120 West 125th Street, NY, NY |
| 1773 | 1<br>67 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 1801-1805 Park Avenue, NY, NY<br>100-110 East 125th Street, NY, NY<br>101-109 East 124th Street, NY, NY |
| 1773 | 69 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 1815 Park Avenue, NY, NY |
| 1773 | খণ্ড 20-এর অংশ | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ<br>সাময়িক অধিকার | 142-168 East 125th St<br>2051-2061 Lexington Avenue, NY, NY |
| 1773 | খণ্ড 27-এর অংশ | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ<br>সাময়িক অধিকার | 149-167 East 124th Street, NY, NY |
| 1773 | খণ্ড 27-এর অংশ | স্থায়ী আংশিক অধিগ্রহণ ও স্থায়ী ভূগর্ভের অধিকার | 149-167 East 124th Street, NY, NY |
| 1784 | 23 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2327 Second Avenue, NY, NY |
| 1784 | 122 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2325 Second Avenue, NY, NY |
| 1784 | 24 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2329 Second Avenue, NY, NY |
| 1784 | 25 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2331 Second Avenue, NY, NY |
| 1784 | 26 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2333 Second Avenue, NY, NY |
| 1784 | 27 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2335 Second Avenue, NY, NY |
| 1784 | 28 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 2337 Second Avenue, NY, NY |
| 1784 | 120 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | N/A East119th Street, NY, NY |
| 1784 | 128 | স্থায়ী সম্পূর্ণ অধিগ্রহণ | 246 East 120th Street, NY, NY |

---

**অ্যাক্সেসযোগ্যতা এবং ভাষা সহায়তা পরিষেবা**

ভার্চুয়াল গণ শুনানিতে, CART ক্যাপশনিং এবং আমেরিকান ইঙ্গিতের ভাষার পরিষেবা উপলব্ধ থাকবে।

জনসাধারণের যে সকল সদস্য বধির বা কানে কম শোনেন তাঁরা তাদের পছন্দসই রিলে পরিষেবা বা বিনামূল্যে 711 রিলে পরিষেবা ব্যবহার করতে পারেন এবং তারপরে একজন এজেন্টের সঙ্গে কথা বলার জন্য (646) 252-6777 -এ পাবলিক হিয়ারিং হটলাইনে যুক্ত করতে বলতে পারেন।

জনসাধারণের যে সকল সদস্য অন্ধ বা চোখে কম দেখেন, তাঁরা 16 মার্চ, 2021 তারিখে বা তার আগে **new.mta.info/2021EDPL-SASP2-hearing** -এ অনলাইনে অনুরোধ করে বা (646) 252-6777 -এ পাবলিক হিয়ারিং হটলাইনে কল করে ব্যবস্থা করার জন্য অনুরোধ করতে পারেন।

জনসাধারণের যে সকল সদস্য কম্পিউটার বা ইন্টারনেট অ্যাক্সেস করতে পারেন না, তাঁরা শুনানিটি 1-877-853-5247 (টোল ফ্রি) নম্বরে জুম ওয়েবিনারে কল করে শুনতে পারেন। তারপরে, ওয়েবিনার ID 82605599788 এন্টার করুন, তারপরে পাউন্ড (#) সাইনটি দিন।

যদি ভাষা সহায়তা বা অন্যান্য ব্যবস্থার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে নিম্নলিখিত যেকোনও একটি উপায়ে শুনানির তারিখের অন্তত তিনটি কার্যদিবস আগে একটি অনুরোধ করুন: **new.mta.info/2021EDPL-SASP2-hearing** -এ অনলাইনে, (646) 252-6777 নম্বরে পাবলিক হিয়ারিং হটলাইনে কল করে বা এখানে একটি চিঠি পাঠিয়ে: **MTA Government & Community Relations, Re:** EDPL Second Avenue Subway, **2 Broadway, D17.140, New York, NY 10004.**

**Metropolitan Transportation Authority**
**www.mta.info**